# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd

## ২০১৯-২০ শিক্ষাবর্ষে সরকারি/বেসরকারি ডিপ্লোমা প্রতিষ্ঠানে অন-লাইনে ছাত্রছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সরকারি/ বেসরকারি ডিপ্লোমা প্রতিষ্ঠানে ৪ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-ট্যুরিজম এন্ড হসপিটালিটি, ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ, ডিপ্লোমা ইন ফরেস্ট্রি, ডিপ্লোমা ইন লাইভস্টক ও ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজিতে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তির জন্য অন-লাইনে আবেদনের আহবান করা যাচ্ছে।

১.০ ভর্তির আবেদনের যোগ্যতা:

| শিক্ষাক্রম | ভর্তির শিক্ষাগত যোগ্যতা |
|---|---|
| ১.১ বেসরকারি প্রতিষ্ঠান (৪ বছর মেয়াদি) :<br>**১.১.১ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং**<br>টেকনোলজিসুহঃ অটোমোবাইল, এয়ারক্রাফট মেইনটেন্যান্স (এ্যারোস্পেস), এয়ারক্রাফট মেইনটেনন্যান্স (এভিয়োনিক্স), আর্কিটেকার, আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন, সিরামিক্স, কেমিক্যাল, সিভিল, সিভিল (উড), কম্পিউটার, কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি, কন্সট্রাকশন, ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং, ইলেকট্রিক্যাল, ইলেকট্র মেডিকেল, ইলেকট্রনিক্স, এনভায়রনমেন্টাল, ফুড, ফুটওয়ার, গ্লাস, গ্রাফিক্স ডিজাইন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড প্রসেস কন্ট্রোল, লেদার, লেদার প্রডাক্টস অ্যান্ড এক্সেসরিস, মেরিন, মেকানিক্স, মেকানিক্যাল, মাইনিং এন্ড মাইন সার্ভে, পাওয়ার, প্রিন্টিং, রিফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশন, শিপ বিল্ডিং, সার্ভেয়িং, টেলিকমিউনিকেশন।<br>১.১.২ ডিপ্লোমা-ইন-ট্যুরিজম এন্ড হসপিটালিটি<br>১.১.৩ ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং<br>টেকনোলজিসমুহঃ টেক্সটাইল টেকনোলজি, গার্মেন্ট ডিজাইন এন্ড প্যাটার্ন মেকিং টেকনোলজি, জুট টেকনোলজি।<br>১.১.৪ ডিপ্লোমা ইন ফিসারিজ<br>১.১.৫ ডিপ্লোমা ইন এগ্রিকালচার | ২০১০ থেকে ২০১৯ সাল পর্যন্ত দেশের সকল শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এসএসসি/দাখিল/এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল)/সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং কমপক্ষে জিপিএ ২.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা অথবা 'ও' লেভেল উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে। |
| ১.২ বেসরকারি প্রতিষ্ঠান (৪ বছর মেয়াদি ডিপ্লোমা):<br>১.২.১ ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি:<br>টেকনোলজিসমূহ: ডেন্টাল, ইন্টিগ্রেটেড মেডিকেল, ল্যাবরেটরি মেডিকেল (প্যাথলজি), অপটিক্যাল রিফ্র্যাকশন, নার্সিং, ফার্মেসী, ফিজিওথেরাপী, রেডিওলজি এন্ড ইমেজিং। | ২০১০ থেকে ২০১৯ সাল পর্যন্ত দেশের সকল শিক্ষা বোর্ড অথবা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এসএসসি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ কমপক্ষে জিপিএ ২.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা/ 'ও' লেভেল উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে। |
| ১.৩ সরকারি প্রতিষ্ঠান (বিএমইটি পরিচালিত, ৪ বছর মেয়াদি) :<br>১.২.১ ডিপ্লোমা ইন মেরিন টেকনোলজি<br>১.২.২ ডিপ্লোমা ইন শিপ বিল্ডিং | ২০১৭,২০১৮ ও ২০১৯ সালে দেশের সকল শিক্ষা বোর্ড অথবা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এসএসসি/ দাখিল/ এসএসসি (ভোকেশনাল)/ দাখিল (ভোকেশনাল)/ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ছেলেদের ভর্তির ক্ষেত্রে সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপিএ ৩.০০ সহ কমপক্ষে জিপিএ ৩.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা এবং মেয়েদের ভর্তির ক্ষেত্রে সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপিএ ৩.০০ সহ কমপক্ষে জিপিএ ৩.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা অথবা 'ও' লেভেলে যেকোন একটি বিষয়ে 'সি' গ্রেড এবং গণিতসহ অন্য যেকোন দুটি বিষয়ে নূন্যতম 'ডি' গ্রেড পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভতির জন্য আবেদন করতে পারবে। |
| ১.৪ সরকারি ডিপ্লোমা (৪বছর মেয়াদি)<br>১.৪.১ ডিপ্লোমা ইন এগ্রিকালচার<br>১.৪.২ ডিপ্লোমা ইন ফরেস্ট্রি<br>১.৪.৩ ডিপ্লোমা ইন ফিসারিজ<br>১.৪.৪ ডিপ্লোমা ইন লাইভস্টক | ২০১৫,২০১৬,২০১৭,২০১৮ ও ২০১৯ সালে দেশের সকল শিক্ষা বোর্ড অথবা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এসএসসি ও দাখিল/এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনালন)/ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কমপক্ষে জিপিএ ২.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা অথবা 'ও' লেভেলে যেকোন একটি বিষয়ে 'সি' গ্রেড এবং গণিতসহ অন্য যেকোন দুটি বিষয়ে নূন্যতম 'ডি' গ্রেড পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ভতির জন্য আবেদন করতে পারবে। |

২.০ ভর্তি কার্যক্রমের সময়সূচি : বেসরকারি ডিপ্লোমা প্রতিষ্ঠান :

| অন-লাইনে আবেদনের সময়সীমা (ফরম পূরণের ন্যূনতম ১ ঘন্টা পূর্বে টাকা জমা দিতে হবে) | ফলাফল প্রকাশ<br>মূল মেধা তালিকা হতে | ভর্তির সময়সীমা<br>অপেক্ষমান (মেধাক্রম) তালিকা হতে | ক্লাস শুরুর তারিখ |
|---|---|---|---|
| ১২/০৫/২০১৯ হতে ৩০/০৭/২০১৯ (রাত ১১ : ৫৯ ঘটিকা পর্যন্ত) | অন-লাইন আবেদনের সাথে সাথে ফলাফল পাওয়া যাবে এবং ফলাফল প্রাপ্তি সাপেক্ষে রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে হবে। | ভর্তির নীতিমালা ২০১৯ অনুযায়ী আসন শূন্য থাকা সাপেক্ষে শিক্ষার্থী ভর্তি করা হবে। | ০১/০৮/২০১৯ |

৩.০ ভর্তি কার্যক্রমের সময়সূচি : সরকারি ডিপ্লোমা প্রতিষ্ঠান :

| অন-লাইনে আবেদনের সময়সীমা (ফরম পূরণের ন্যূনতম ১ ঘন্টা পূর্বে টাকা জমা দিতে হবে) | ফলাফল প্রকাশ (SMS-এর মাধ্যমে ও ওয়েবসাইটে) | ভর্তির সময়সীমা | | ক্লাস শুরুর তারিখ |
|---|---|---|---|---|
| | | মূল মেধা তালিকা হতে | অপেক্ষমান (মেধাক্রম) তালিকা হতে (আসন শূন্য থাকা সাপেক্ষে) | |
| ১২/০৫/২০১৯ হতে ০৮/০৬/২০১৯ (রাত ১১ : ৫৯ ঘটিকা পর্যন্ত) | ১৫/০৬/২০১৯ | ১৬/০৬/২০১৯ হতে ২৫/০৬/২০১৯ (রাত ১১ : ৫৯ ঘটিকা পর্যন্ত) | ২৯/০৬/২০১৯ হতে ২৫/০৭/২০১৯ | ০১/০৮/২০১৯ |

ক্ষাক্রম অনুযায়ী প্রোগ্রাম কোড :

| শিক্ষাক্রম | প্রোগ্রাম কোড | | শিক্ষাক্রম | প্রোগ্রাম কোড | |
|---|---|---|---|---|---|
| | Application Code | Registration Code | | Application Code | Registration Code |
| Diploma in Agriculture (Govt.) | GAGA | GAGC | Diploma in Engineering (Private) | PENA | PENC |
| Diploma in Forestry (Govt.) | GFRA | GFRC | Diploma in Textile (Private) | PTXA | PTXC |
| Diploma in Fisheries (Govt.) | GFSA | GFSC | Diploma in Medical (Private) | PMDA | PMDC |
| Diploma in Livestock (Govt.) | GLSA | GLSC | Diploma in Agriculture (Private) | PAGA | PAGC |
| Diploma in Marine and Shipbuilding (BMET) | GMTA | GMTC | Diploma in Fisheries (Private) | PFSA | PFSC |

৫.০ ভর্তির আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি :

<table>
<tr><th>রকেটের জন্য প্রযোজ্য</th><th>শিওরক্যাশের জন্য প্রযোজ্য</th><th>বিকাশের জন্য প্রযোজ্য</th></tr>
<tr><td>*322# ডায়াল করুন। ধাপ-১ : মেনু থেকে Bill Pay নির্বাচন করুন। ধাপ-২ : Successful SMS পাওয়ার জন্য নিজ রকেট একাউন্ট হলে Self/ অন্য রকেট একাউন্ট হলে Other নির্বাচন করে মোবাইল নম্বর দিন। ধাপ-৩ : Biller ID এর জন্য Others নির্বাচন করুন। ধাপ-৪: Biller ID (220) ইনপুট দিন। ধাপ-৫: Reference Number এ পেমেন্ট কোডঃ <প্রোগ্রাম কোড><পাসের সন><বোর্ড কোড> এন্ট্রি দিন (স্পেস দেওয়ার প্রয়োজন নেই)। ধাপ-৬ : এসএসসি রোল নাম্বার দিন। ধাপ-৭ : Amount এ 150/238 টাকা এন্ট্রি দিন। ধাপ-৮ : রকেট একাউন্টের Pin Number প্রদান করুন। Payment সম্পন্ন হলে Successful SMS প্রদর্শিত হবে। SMS এ প্রদির্শিত Transaction ID সংরক্ষণ করুন।</td><td>*495# ডায়াল করুন। ধাপ-১ : মেনু থেকে Payment নির্বাচন করুন। ধাপ-২ : Payment Keyword (BTEB) ইনপুট দিন। ধাপ-৩ : পেমেন্ট কোডঃ <প্রোগ্রাম কোড><পাসের সন><বোর্ড কোড><রোল নম্বর> এন্ট্রি দিন (স্পেস দেওয়ার প্রয়োজন নেই)। ধাপ-৪ : 150/238 টাকা জমা দেয়ার জন্য শিওরক্যাশ একাউন্টের Pin Number প্রদান করুন। Payment সফল হলে Successful SMS প্রদর্শিত হবে। SMS এ প্রদির্শিত Transaction ID সংরক্ষণ করুন।</td><td>বিকাশ অ্যাপ ডাউনলোড করুন। ধাপ-১: আপনার বিকাশ মোবাইল অ্যাপটি খুলুন। ধাপ-২: বিকাশ অ্যাপ মেন্যু থেকে পে বিল সিলেক্ট করুন। ধাপ-৩: বিলার তালিকা থেকে BTEB সিলেক্ট করুন। ধাপ-৪: পেমেন্ট কোড দিন। <u>পেমেন্ট কোড :</u> <প্রোগ্রাম কোড><পাসের সন><বোর্ড কোড><রোল নম্বর> (স্পেস দেওয়ার প্রয়োজন নেই)। এরপর কন্ট্যাক্ট নাম্বার দিন। পরের ধাপে যেতে Arrow বাটনটিতে ট্যাপ করুন। ধাপ-৫: বিলের পরিমান 150/238 টাকা এন্ট্রি দিন এবং পরের ধাপে যেতে Arrow বাটনটিতে ট্যাপ করুন। ধাপ-৬: পেমেন্ট সারসংক্ষেপ যাচাই করে পরের ধাপে যেতে Arrow বাটনটিতে ট্যাপ করুন। ধাপ-৭: আপনার বিকাশ একাউন্টের পিন নম্বর দিন। ধাপ-৮: পে বিল সম্পন্ন করতে স্ক্রীনের নিচের বাটনটি ট্যাপ করে ধরে রাখুন। পে বিল সম্পন্ন করতে একটু অপেক্ষা করুন। ধাপ-৯: শেষ ধাপে স্ক্রীনে পেমেন্ট কনফার্মেশনের সারসংক্ষেপ দেখে নিন, এবং Transaction ID সংরক্ষন করুন।</td></tr>
<tr><td colspan="3">আবেদনকারী যে শিক্ষা বোর্ড থেকে এস.এস.সি. পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, ঐ বোর্ডের নামের প্রথম তিন অক্ষর [যেমন: ঢাকা বোর্ডের বেলায় (DHA), সিলেট (SYL), বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), কুমিল্লা (COM), দিনাজপুর (DIN), যশোর (JES), রাজশাহী (RAJ), মাদ্‌রাসা (MAD), কারিগরি (TEC) [উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (BOU), অন্যান্য - (OTH)] বোর্ড কোড হবে।<br>[ বি: দ্র: উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের রোল নং এ হাইপেন (-) থাকবে না। ]</td></tr>
<tr><td colspan="3">[ভর্তির আবেদন ফি জমা দিতে সমস্যা হলে যোগাযোগ করুন- হেল্প লাইন: ১৬২১৬ (রকেট), ০৯৬১৪০১৬৪৯৫ (শিওরক্যাশ), ১৬২৪৭ (বিকাশ)]</td></tr>
</table>

৬.০ ভর্তি সংক্রান্ত তথ্যাবলি :

৬.১ প্রার্থী নির্বাচনে কোন ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে না। কেবলমাত্র এসএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।

৬.২ ভর্তির জন্য নির্ধারিত আবেদনপত্র অন-লাইনের মাধ্যমে দাখিল করতে হবে। ভর্তির জন্য নির্ধারিত আবেদন ফরম, ভর্তির নির্দেশিকা ও আবেদনের নিয়মাবলী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর ওয়েবসাইটে (www.bteb.gov.bd, www.btebadmission.gov.bd) পাওয়া যাবে। আবেদনকারীর ছবি (পরিষ্কার পাসপোর্ট সাইজের রঙিন ছবি JPEG Format-এ, এবং অনধিক 100 KB) আপলোড করতে হবে।

৬.৩ অন-লাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা রকেট/শিওরক্যাশ/বিকাশ এর মাধ্যমে জমাদান সাপেক্ষে বেসরাকারি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে পছন্দক্রম অনুযায়ী সর্বোচ্চ ১০(দশ)টি টেকনোলজিতে আবেদন করা যাবে।

৬.৪ অন্যান্য সরকারি ডিপ্লোমা প্রতিষ্ঠানের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা রকেট/শিওরক্যাশ/বিকাশ এর মাধ্যমে জমাদান সাপেক্ষে অন-লাইনে আবেদন করা যাবে।

৬.৫ সরকারি/ বেসরকারি ডিপ্লোমা প্রতিষ্ঠানে ভর্তির জন্য ২৩৮/- (দুইশত আটত্রিশ) রকেট/শিওরক্যাশ/বিকাশ এর মাধ্যমে প্রদান সাপেক্ষে ভর্তি নিশ্চয়ন/রেজিষ্টেশন করতে হবে।

৬.৬ ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ, ডিপ্লোমা ইন ফরেস্ট্রি ও ডিপ্লোমা ইন লাইভস্টক এর ক্ষেত্রে সরকার নির্ধারিত ভর্তি সংক্রান্ত সকল কোটা যথাযথভাবে অনুসরন করতে হবে।

৬.৭ ‘ও’ লেভেল হতে যারা পাস করেছে তাদের নম্বর সনদ সাধারন শিক্ষা বোর্ড থেকে এসএসসি এর সমমান করে মেধাক্রম অনুসারে ভর্তির সুযোগ দেওয়া হবে। শিক্ষার্থীরা সাধারন বোর্ড হইতে নম্বর সনদের সমমান মূল্যায়ন পত্র কারিগরি শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

৭.০ সরকার কর্তৃক নির্ধারিত কোটা : (সরকারি মেরিন ইনস্টিটিউটের জন্য প্রযোজ্য)

৭.১ মহিলা কো-২০%; এস.এস.সি (ভোকেশনাল)-১৫%; ক্ষুদ্র নৃ-গোষ্ঠি কোটা-২%; মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের ৫%; বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী কোটা-৫%; এবং প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের কর্মকর্তা/ কর্মচারীর সন্তানদের জন্য ২% কোটা সংরক্ষিত থাকবে।

৭.২ এস.এস.সি সহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ০২ (দুই) বছর মেয়াদি ট্রেড কোর্স সম্পন্ন প্রার্থীদের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী ৫% কোটা সংরক্ষিত থাকবে।

৭.৩ সরকার নির্ধারিত কোটায় আবেদনের প্রমাণপত্র: (ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র (খ) মুক্তিযোদ্ধার সন্তা/সন্তানের সন্তান্দের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সনদপত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান অথবা কাউন্সিলার কৃর্ক সম্পর্ক সনদ দাখিল করতে হবে (গ) প্রবাসী কলাষ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের কর্মকর্তা/ কর্মচারীর সন্তানদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর/প্রতিষ্ঠান প্রধানের সনদপত্র (ঘ) বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের সনদপত্র এবং (ঙ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ০২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্সধারীদের সনদের সত্যায়িত ফটোকপি, আবেদকারীর Application ID সম্বলিত প্রিন্ট আউটসহ আবেদপত্র নির্ধারিত সময়সীমার মধ্যে ডাকযোগে/সরাসরি অফিস সময়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পুরাতন ভবনের ৪১২ নং কক্ষে সরাসরি অথবা খামে “ভর্তি কোটার আবেদন” লেখাসহ ডাকযোগে পরিচালক (কারিকুলাম) ও ভর্তি কমিটির সদস্য সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ঠিকানায় আগামী ১০/০৬/২০১৯ খ্রি. তারিখের মধ্যে পৌছানো নিশ্চিত করতে হবে। অন্যথায় প্রযোজ্য কোটার জন্য বিবেচ্য হইবে না।

**বুয়েট হেল্প ডেস্ক:**
**মোবা: ০১৭২৭২৩৩৫২৪ / ০১৭৮৯৩০৯৯৮১**
**মোবা: ০১৭৮৯০২৮১৭৩ / ০১৭২৯৭২২৫৬১**
**[ছুটির দিন ব্যতিত অফিস চলাকালিন সময়]**

**কারিগরি শিক্ষা বোর্ড হেল্প ডেস্ক:**
মোবাইল: ০৯৬১২-২৮৮২৮৮
[সকাল ৯ টা হতে বিকাল ৬ টা পর্যন্ত]

পরিচালক (কারিকুলাম)
ও ভর্তি কমিটির সদস্য সচিব
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।